মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

৮নং ওয়ার্ড কমিটির (WC) সভা

সভাপতি ঃ জনাব সৈয়দ মনজুরুল কবির, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ কাউন্সিলর সাহেবের অফিস কক্ষ, পৌরসভা কার্যালয়, ০৮নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ ঃ বিকাল ৩.০০ টায় -১৭/০৬/২০১৯খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। পরিস্কার পরিচ্ছন্নতা প্রসংগে।

৩। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	পরিস্কার পরিচ্ছন্নতা প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য জনাব মোঃ জাহাঙ্গীর পশুহাটপাড়া ০৮নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা। তিনি বলেন যে, চলতি বর্ষা মৌসুমে ওয়ার্ডের বিভিন্ন এলাকায় রাস্তার পার্শ্বে ঝোপ জঙ্গল হয়ে এক অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হয়েছে। যার ফলে মশা সহ সাপের উপদ্রুপ দেখা যাচ্ছে। এছাড়া এ এলাকায় কোন ডাষ্টবিন না থাকায় যত্রতত্র ময়লা ফেলে পরিবেশ দূষন হচ্ছে। এ বিষয়ে মোছাঃ রাশেদা খাতুন আরও জানান যে, এলাকার ড্রেনগুলিও দীর্ঘদিন পরিস্কার করা হয়নি। জলাবদ্ধতা সৃষ্টিসহ মশার উপদ্রুপ বৃদ্ধি পাচ্ছে। এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্নতার জন্য TLCCর সভায় সুপারিশ করা হয়।	স্যানিটারী ইন্সপেক্টর

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০৩	বিবিধ	আলোচনায় সহ-সভাপতি জানান যে, শহীদ জাভেদ ওমসান সড়কে পাইপ ড্রেন নির্মানের জন্য পিচ রাস্তাটি কাটা হলেও অদ্যাবধি মেরামত করা হয়নি। যার ফলে জনসাধারনের চলাচলে বিঘ্নের সৃষ্টি হচ্ছে। রাস্তাটি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। মোছাঃ হেলেনুন্নাহার পশু হাটপাড়া, মেহেরপুর জানান যে, মার্কসি মসজিদের পাশের রাস্তাটি দীর্ঘ দিন যাবৎ মেরামতের কথা শুনে আসলেও অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি। রাস্তাটির উপর বর্ষায় পানি জমে চলাচলের অনুপযোগী হয়ে আছে। রাস্তাটি চলাচল উপযোগী করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করছি।	বর্নিত রাস্তা দুইটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হলো।	নির্বাহী প্রকৌশলী

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর ও পানির বিল দিয়ে পৌর সেবার মান উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ঈদের আগাম শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

18.06.19

(সৈয়দ মনজুরুল কবির)
সভাপতি(WC)
ও
৮নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ১৭/০৬/২০১৯, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ কাউন্সিলর সাহেবের অফিস কক্ষ, পৌর কার্যালয়।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষার
১	জনাব সৈয়দ মনজুরুল কবির	কাউন্সিলর ও সভাপতি, ০৮ নং ওয়ার্ড কমিটি মেহেরপুর পৌরসভা।	17.06.19
২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
৩	জনাব মোছাঃ রেহেনা খাতুন	পশুহাটপাড়া, মেহেরপুর।	
৪	জনাব মোঃ জাহাঙ্গীর	পশুহাসপাতালপাড়া, মেহেরপুর।	জাহাঙ্গীর
৫	জনাব মোঃ মজনু	বাসষ্ট্যান্ডপাড়া, মেহেরপুর।	
৬	জনাব মোছাঃ রিনা খাতুন	পশুহাসপাতালপাড়া, মেহেরপুর।	
৭	জনাব মোঃ শফিকুল ইসলাম	ভূমি অফিস পাড়া, মেহেরপুর।	
৮	জনাব কাজল রেখা	মসজিদপাড়া, মেহেরপুর।	কাজল রেখা
৯	জনাব মোঃ কুদ্দুস	মসজিদপাড়া, মেহেরপুর।	
১০	জনাব মোঃ মাসুদ রানা	উপ-সহকারী প্রকৌশলী।	